ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



অনন্ত-রাধিকার বিয়েতে দীপিকার কানে কী বললেন ঐশ্বরিয়া?

পৃঃ ৫



চ্যাম্পিয়নস ট্রফির পরিকল্পনায় নেই ওয়ার্নার!

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ১৯৮ ● কলকাতা ● ০৫ শ্রাবণ, ১৪৩১ ● রবিবার ● ২১ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## আজ ফের মুখোমুখি হতে পারেন অখিলেশ-মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজ একুশে জুলাইয়ের শহিদ সমাবেশ। প্রত্যেক বছরের মতো এই বছরও তৃণমূলের তরফ থেকে বিরাট কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজ্যের নানান জেলা থেকে কলকাতা ছুটে যাচ্ছেন জোড়াফুল শিবিরের নেতা-কর্মীরা। আগামীকাল মমতা বন্দ্যোপাধ্যায় সহ তৃণমূল নেতৃত্ব মঞ্চ থেকে কী বার্তা দেন তা দেখার জন্য মুখিয়ে রয়েছেন প্রত্যেকে। উল্লেখ্য, এবারের লোকসভা ভোটে চমকপ্রদ ফলাফলের পর রাজধানী দিল্লিতে ইন্ডিয়া জোটের বৈঠক বসেছিল। সেখানে মুখোমুখি হয়েছিল অখিলেশ যাদব এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়। আলাদা করেও দেখা করেছিলেন তাঁরা। তখনই একটি জল্পনা মাথাচাড়া দেয়। তাহলে কি কংগ্রেসকে বাদ দিয়ে আঞ্চলিক দলগুলিকে একটি নতুন জোট তৈরির পরিকল্পনা চলছে?

এরপর ৩ পাতায়

## মমতার ক্যাবিনেটে বড়সড় রদবদল

### হতে চলেছে রাজভবনে সই হওয়ার পর যানা জাবে কারা পাচ্ছে মন্ত্রীত্ব



**কলকাতা: নিউজ সারাদিন :** মমতার ক্যাবিনেটে বড়সড় রদবদল, রাজভবনে ফাইল পাঠিয়েছে নবান্ন, কারা হচ্ছেন মন্ত্রীত্ব?লোকসভা ভোটে রাজ্যের ৪২টির মধ্যে ২৯টি আসনেই জয় পেয়েছে তৃণমূল। এর কয়েক মাস যেতে না যেতেই এবার রাজ্য মন্ত্রিসভায় রদবদল আসতে চলেছে বলে জানা গিয়েছে রিপোর্টে।রিপোর্ট অনুযায়ী, খুব শীঘ্রই রাজ্য মন্ত্রিসভায় বড়সড় রদবদল হতে চলেছে। এমনিতেই লোকসভা নির্বাচনে জিতে সাংসদ হয়েছেন সেচমন্ত্রী পার্থ ভৌমিক। তিনি সংসদে গেছেন। তাই তাঁর জায়গায় নতুন মন্ত্রী আসতে পারেন। এছাড়াও সব মিলিয়ে মোট তিনটি দফতরে পরিবর্তন করা হতে পারে বলে দাবি করা হয়েছে রিপোর্টে। এই আবহে মমতার মন্ত্রিসভায় নতুন মুখের আবির্ভাব ঘটতে পারে বলে মনে করা হচ্ছে।জানা গিয়েছে, ইতিমধ্যেই মন্ত্রিসভায় রদবদল সংক্রান্ত ফাইল রাজভবনে পাঠানো হয়েছে নবান্নের তরফ থেকে। সেই ফাইলে রাজ্যপালের স্বাক্ষর পড়লেই রদবদলে শিলমোহর পড়বে।এদিকে লোকসভা ভোটের সঙ্গে দুই বিধানসভা আসনের উপনির্বাচনের পরে জয়ী বিধায়কদের শপথ নিয়ে জটিলতা তৈরি হয়েছিল। পরে

এরপর ৩ পাতায়

## গোটা দেশ জুড়ে কারফিউ জারি করল বাংলাদেশ সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিতর্কে উত্তাল বাংলাদেশ। গোটা দেশ জুড়ে কারফিউ জারি করল বাংলাদেশ সরকার। সিদ্ধান্ত নেওয়া হয়েছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সেনা মোতায়েন করা হবে।রাস্তায় নেমেছে সাঁজোয়া গাড়ি, টহল দিচ্ছে সেনা। উল্টোদিকে মারমুখী ছাত্ররা কলেজ বিশ্ববিদ্যালয় ছেড়ে বেরিয়ে এসেছে লাঠিসোটা নিয়ে।এরই মধ্যে হাসিনার মন্তব্য, যারা কোটা বিরোধী, তারা সবাই রাজাকার, আগুনে ঘৃতাহুতি দিয়েছে। কোটা বিরোধী এই আন্দোলনের নেতৃত্ব দিচ্ছে মূলত ছাত্রসমাজ। ভালমত প্রভাব রয়েছে জামাত শিবিরের। পরিস্থিতি সামাল দিতে চেষ্টার ত্রুটি রাখছেন না হাসিনা। ঢাকার রাস্তায় শুধু পুলিস বা RAB নয়, নেমে পড়েছে সেনা, সীমান্ত রক্ষী বাহিনীও। অন্যদিকে, ঢাকার পরিস্থিতির দিকে তীক্ষ্ণ নজর রাখছে দিল্লি। হাজার সাতেক পড়ুয়া-সহ দশহাজার ভারতীয় এই মুহূর্তে বাংলাদেশে। তাঁদের বিশেষ প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে না বেরোতে নির্দেশ দেওয়া হয়েছে।তারই মধ্যে চলছে কমপ্লিট শাটডাউন। হঠাৎ গোটা বিশ্বের নজর কেড়ে নিয়েছে পশ্চিমবঙ্গের প্রতিবেশী এই রাষ্ট্র। ঢাকা-সহ অধিকাংশ শহরে টোটাল শাট ডাউন। বিরেল যোগাযোগ পুরোপুরি বন্ধ, বন্ধ ইন্টারনেট। এখনও পর্যন্ত মৃত্যু বেড়ে ১০৫। একদিকে কমপ্লিট শাটডাউন। অফিস কাছারি খোলা নাম কা ওয়াস্তে। কর্মী নেই। রাস্তায় গাড়ি চলছে অল্পস্বল্প। যাঁরা বেরোতে বাধ্য হয়েছেন, তাঁরাও দ্রুত ঘরে ফেরার চেষ্টায়। স্কুল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ। অন্যদিকে রাস্তায় রাস্তায় সংঘর্ষ। সেনা-পুলিসের সঙ্গে ছাত্র-বিক্ষোভকারীদের দফায় দফায় সংঘর্ষে উত্তাল ঢাকার রাজপথ। রাস্তার পাশে সার দিয়ে দাঁড় করানো গাড়ি পুড়ে ছাই। হানিফ ফ্লাইওভারের টোল প্লাজা-সহ অন্তত ২০ জায়গায় বিক্ষোভকারীরা আগুন ধরিয়ে দিয়েছে। বাদ যায়নি বাংলাদেশ টিভির সদর দফতর। সংঘর্ষে মৃতের সংখ্যা বাড়ছে হু হু করে। শুধু বৃহস্পতিবারই ২০ জনের বেশি প্রাণ হারিয়েছেন বলে সংবাদমাধ্যম সূত্রে খবর।দীর্ঘ ২০ বছরের শাসনে প্রধানমন্ত্রী

এরপর ৩ পাতায়

## বাংলাদেশে আন্দোলনের ভয়াবহ পরিস্থিতি - এখনো বহু ভারতীয় ছাত্র ছাত্রী বাংলাদেশের বিভিন্ন শহরে আটকে রয়েছেন

**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** নিরাপত্তাকে কেন্দ্র করে বাংলাদেশে বিক্ষোভ অব্যাহত। বিদেশ মন্ত্রকের তরফ থেকে জানানো হয়েছে এখনো বাংলাদেশে আটকে রয়েছেন প্রায় চার হাজার ভারতীয় ছাত্র - ছাত্রী। নেপাল এবং ভুটানের ছাত্র-ছাত্রীদের অনুরোধে ভারতে প্রবেশে তাদের সহায়তা করা হচ্ছে। শনিবার বিদেশ মন্ত্রকের তরফ থেকে বলা হয়েছে, ৯৭৮ জন ভারতীয় বিভিন্ন স্থলবন্দর দিয়ে ভারতে ফিরেছেন। আর প্রায় ২০০ ছাত্রছাত্রী ঢাকা ও চট্টগ্রাম বিমানবন্দর দিয়ে নিয়মিত বিমানে দেশে ফিরছেন। বিদেশ মন্ত্রকের তরফ থেকে ঢাকায় ভারতীয় হাইকমিশন এবং সহকারি হাইকমিশনে নিয়মিত যোগাযোগ রাখা হয়। বাংলাদেশে এই ঘটনার পর ভারতীয় নাগরিকদের দেশে ফেরার জন্য ঢাকায় ভারতীয় হাইকমিশন, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা এবং সিলেটে সহকারী হাইকমিশন গুলি সহায়তা করছে। যারা সড়ক

এরপর ৩ পাতায়





পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ ☐ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

**মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে**

**৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা**

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |


যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

## অমর একুশে জুলাই শহীদ দিবস উপলক্ষে

# কলকাতা জুড়ে সাজো সাজো রব



**কলকাতা: নিউজ সারাদিন :** নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার জন্য, সচিত্র পরিচয়পত্রের দাবিতে ২১ জুলাই মহাকরণ অভিযানের ডাক দিয়েছিলেন মমতা। আজ থেকে ৩১ বছর আগে ১৯৯৩ সালের ২১ শে জুলাই চলেছিল গুলি ? ফিরে দেখা শেই রক্তাক্ত দিন।রাত পোহালেই কলকাতার ধর্মতলায় সেই শহীদ দিবস।পুরো কলকাতা জুড়ে সাজো সাজো রব।লোকসভা ভোটে তৃণমূলের জয়জয়কার। প্রধান প্রতিপক্ষ বিজেপিকে ১২ টি আসনে আটকে দেওয়া।লোক সভার পাশাপাশি দুই বিধানসভা উপনির্বাচনে জয়। তারপর বিধানসভার ৪ টি আসন উপনির্বাচনে চারে চার তৃণমূল। একের পর এক জয়ের পর ধর্মতলায় প্রথম একুশের সমাবেশ আগামী কাল। আর মাত্র কয়েকঘণ্টা বাকি। শুরু কাউন্টডাউন। সেজে উঠেছে ধর্মতলা। তৃণমূলের মেগা ইভেন্টের আগে শহরজুড়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি। আসতে চলেছেন দুরদুরান্ত থেকে শতাধিক নেতা-কর্মী বৃন্দরা।গতকাল শুক্রবার কলকাতায় ফিরলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। ২১ জুলাই, মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকা কর্মসূচি ঘিরেই অগ্নিগর্ভ হয়ে উঠেছিল এই ধর্মতলা। পুলিশের গুলিতে মৃত্যু হয়েছিল ১৩ জন তরতাজা যুব কংগ্রেস কর্মীর। সেই ঘা এখনও দগদগে।তার মধ্যে ছিলো হুগলির যুবক অসিম দাস।তখনও তৃণমূলের জন্ম হয়নি। মমতা বন্দ্যোপাধ্যায় তৎকালীন যুব কংগ্রেসের সভানেত্রী। সেই ইতিহাস স্মরণ করিয়ে দিতে শহরে বিভিন্ন স্থানে ছবি সহ হোর্ডিং দিয়েছে তৃণমূল। নেত্রী হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায়ের লড়াইয়ের ইতিহাসটা তুলে ধরা । সিপিএমের বিরুদ্ধে ছাপ্পা-রিগিংয়ের মতো অভিযোগ নিয়মিত শোনা যেত। সেই সময় বিরোধীপক্ষের অন্যতম লড়াকু মুখ বলতে মমতা বন্দ্যোপাধ্যায়। নির্বাচনী প্রক্রিয়া ও সচিত্র পরিচয়পত্রের দাবিতে ২১ জুলাই মহাকরণ অভিযানের ডাক দিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। ২১ জুলাই।মহাকরণ অভিযানের জন্য জমায়েত শুরু হয়। কলকাতার পাঁচটি জায়গা থেকে যাত্রা শুরু হয়। এগোতে থাকেন যুব কংগ্রেসের কর্মী-সমর্থকরা। পুরোভাগে ছিলেন মমতা নিজে।এছাড়া মিছিলে ছিলেন সৌগত রায়, শোভনদেব চট্টোপাধ্যায়, জ্যোতিপ্রিয় মল্লিক, মদন মিত্ররা। মহাকরণে পৌঁছনোর আগে পাঁচ দিক থেকে ব্যারিকেড করে তাঁদের আটকে দেয় পুলিশ। ধুন্ধুমার শুরু হয়। বিভিন্ন এলাকায় পুলিশের সঙ্গে সংঘাত বেঁধে যায় যুব কংগ্রেসের কর্মী-সমর্থকদের। তখন গুলি চালাতে শুরু করে পুলিশবাহিনী। আর তাতেই প্রাণ যায় ১৩ জন যুব কংগ্রেস কর্মীর। এই বছর একুশে জুলাই শহীদ দর্পণ অনুষ্ঠানে মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায় এর পাশাপাশি উপস্থিত থাকবেন অখিলেশ যাদব সহ বিশিষ্ট ব্যাক্তি বর্গরা উপস্থিত থাকবেন। কিন্তু তৃণমূলের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও তৃণমূলের বর্ষীয়ান জেলা সভাপতি অনুব্রত মণ্ডল জেলে থাকায় এবং প্রাক্তন মন্ত্রী অমিত মিত্র শরীর অসুস্থতার কারনে উপস্থিত থাকতে পারছেন না।

## শিবানীপুরে বয়স্ক মানুষের স্বাস্থ্য পরীক্ষা শিবির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দক্ষিণ চব্বিশ পরগণা জেলার শিবানীপুর স্বামী বিবেকানন্দ উদ্যানে "মুক্তকণ্ঠ"-র উদ্যোগে ২০ জুলাই বয়স্ক মানুষের স্বাস্থ্য পরীক্ষা শিবির ও সুস্থ থাকার উপায় সম্পর্কে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।৬০/৭০ জন পূর্ণ বয়স্ক পুরুষ ও মহিলার রক্তচাপ, সুগার, হিমোগ্লোবিন প্রভৃতি নানা বিষয়ে পরীক্ষা করা হয়। কমিউনিটি হেল' অফিসার শ্রাবণী হালদারের তত্বাবধানে এই শিবির পরিচালিত হয়। সঞ্জয় গায়েন, রামপ্রসাদ রায় প্রমুখ সহযোগিতা করেন। আয়োজক সংস্থা-র সম্পাদক তপনকান্তি মণ্ডল জানান যে, সরকারি ভাবে বয়স্কদের বছরে দুবার স্বাস্থ্য পরীক্ষা করার নির্দেশিকা জারি করা হয়েছে। প্রতি পঞ্চায়েত এলাকায় কমপক্ষে তিনটি করে সরকারি সুস্বাস্থ্য কেন্দ্র আছে। কিন্তু প্রয়োজনের তুলনায় তা যথেষ্ট নয়। তাই কিছুটা পরিপূরক হিসাবে এই শিবিরের আয়োজন। এছাড়া সরকারি স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবা সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করা অন্যতম উদ্দেশ্য। কেবলমাত্র ওষুধ নির্ভর না হয়ে জীবনযাপন পদ্ধতির মাধ্যমে সুস্থ থাকার উপায় সম্পর্কে আলোচনা করেন স্বাস্থ্য আধিকারিক শ্রাবণী হালদার। প্রাথমিক ভাবে স্বাস্থ্য পরিষেবা পেতে তিনি নিজ নিজ এলাকার স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগের পরামর্শ দেন।

## শ্রাবণী মেলা উপলক্ষে আরও একটি ইএমইউ স্পেশাল ট্রেন

# চলবে হাওড়া ও তারকেশ্বরের মধ্যে



**বেবি চক্রবর্ত্তী, হুগলি: নিউজ সারাদিন :** তারকেশ্বরের শ্রাবণী মেলা বঙ্গের সাংস্কৃতিক ও ধর্মীয় অনুষ্ঠানের একটি অবিচ্ছেদ্য অংশ যা অসংখ্য ভক্তদের আকর্ষণ করে বার বার । বিশেষত শ্রাবণী মেলার সময়, তারকেশ্বর ও শেওড়াফুলি স্টেশনগুলিতে বঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে আগত অগণিত ভক্তেদের পরিষেবা প্রদান পূর্ব রেলের এক অবিস্মরণীয় দৃষ্টান্ত। ধারাবাহিক ভাবে পূর্ব রেল প্রতিবছরই যাত্রী সহায়তায় এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকে, এবার ও ঠিক তেমনি, সকল পূণ্যার্থীদের সুস্থ ভাবে ভগবান শিবের আশীর্বাদ গ্রহণ এর জন্য পূর্ব রেলের হাওড়া বিভাগ ২২.০৭.২০২৪ থেকে ১৯.০৮.২০২৪ পর্যন্ত প্রতি সোমবার হাওড়া ও তারকেশ্বরের মধ্যে আরও একটি ইএমইউ স্পেশাল ট্রেন চালু করবে। শিবের জলাভিষেকের সুবিধার্থে পূণ্যার্থীদের পরিবহনের জন্য, তারকেশ্বর - হাওড়া ইএমইউ স্পেশাল ট্রেন তারকেশ্বর থেকে সকাল ১১:৩৫ টায় ছেড়ে হাওড়া পৌঁছাবে দুপুর ১:০৫ টায় এবং হাওড়া - তারকেশ্বর ইএমইউ স্পেশাল হাওড়া থেকে দুপুর ১:২০ টায় ছেড়ে তারকেশ্বর পৌঁছাবে বিকেল ২:৫০ টায়।

## শুভেন্দুর মন্তব্য কে সমর্থন করলেন

# ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী কার্তিক মহারাজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যারা আমাদের পাশে থাকবে, আমরা শুধুমাত্র তাদের পাশেই থাকব। বুধবার সায়েন্স সিটিতে বিজেপির বৈঠকে শুভেন্দু অধিকারীর করা এই মন্তব্যকে সমর্থন করলেন ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী কার্তিক মহারাজ। শুক্রবার কলকাতায় বিশ্ব হিন্দু পরিষদের এক সাংবাদিক বৈঠকে মহারাজ বলেন, শুভেন্দুবাবু এই রাজ্যের পরিস্থিতির কথা তুলে ধরেছেন।এবার বিরোধী দলনেতার পাশে দাঁড়ালেন বাংলায় হিন্দুত্ববাদী আন্দোলনের অন্যতম মুখ তথা বিশ্ব হিন্দু পরিষদের মার্গদর্শক মণ্ডলীর সদস্য কার্তিক মহারাজ।কার্তিক মহারাজ বলেন, 'আমরা রাজনীতি করি না। কোনও রাজনৈতিক দলের সঙ্গে আমাদের কোনও সংস্রব নেই। কিন্তু মাননীয় শুভেন্দু অধিকারী বাস্তব কথা বলেছেন। উনি তাঁর দূরদৃষ্টি দিয়ে চিন্তা ভাবনা দিয়ে বলেছেন। এটা তো বাস্তব ও সত্য কথা। প্রধানমন্ত্রী তাঁর আসনে বসে ঠিক কথাই বলেছেন। তিনি সারা ভারতবর্ষের কথা বলেছেন। শুভেন্দুবাবু রাজ্যের কথা বলেছেন।'

গত বুধবার সায়েন্স সিটি অডিটোরিয়ামে বিজেপির রাজ্য কার্যকারিনীর বৈঠকে শুভেন্দুবাবু বলেন, 'এতদিন আমিও রাষ্ট্রবাদী মুসলিমদের কথা বলেছি। আপনারা বলেছেন, সবকা সাথ, সবকা বিকাশ। কিন্তু আর বলব না। এবার থেকে বলব, যারা আমাদের সাথে আমরা শুধু তাদের সাথে। আমি দলের সংখ্যালঘু মোর্চা তুলে দেওয়া উচিত বলে মনে করি।' শুভেন্দুর এই মন্তব্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্যের পরিপন্থী বলে বিতর্ক শুরু হয় দলের অন্দরেই। এরই মধ্যে প্রবীণ বিজেপি নেতা তথাগত রায় সোশ্যাল মিডিয়ায় শুভেন্দু অধিকারীর পাশে দাঁড়ান। লেখেন, 'শুভেন্দু, গতকাল তুমি সায়েন্স সিটির মঞ্চ থেকে যা বলেছ তা অগণিত বিজেপি কর্মীর হৃদয়ের কথা। আমারও।অভিনন্দন'









## শুভেন্দুর নতুন স্লোগান বিজেপিতে সমর্থন বাড়াচ্ছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** "যো হামারে সাথ, হাম উনকে সাথ" - সর্বভারতীয় রাজনীতিতে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই স্লোগান ঝড় তুলেছে। রাজ্য বিজেপি এই প্রস্তাবে সায় না দিলেও এই স্লোগানের প্রতি সমর্থন বাড়ছে। শুভেন্দু অধিকারীর এই প্রস্তাবকে বর্ষিয়ান বিজেপি নেতা তথাগত রায় সমর্থন করেছেন। বিজেপির বিভিন্ন সাংগঠনিক গ্রুপে এই স্লোগান ব্যাপকভাবে ভাইরাল হয়েছে। ঝাড়গ্রাম লোকসভা নির্বাচনে পরাজিত বিজেপি প্রার্থী প্রণত টুডু ফেসবুক পেজে একই ছবি পোস্ট করেছেন। রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী ড: সুকান্ত মজুমদার সহ অন্যান্য বিজেপি নেতারা " সব কা সাথ, সব কা বিকাশ" বললেও মনে মনে এই স্লোগান সমর্থন করছেন। এই স্লোগানের বিষয় শুভেন্দু বাবু নিজের অবস্থানে অনড়। তাঁর কথায় " আমি সরকারি কোন মঞ্চে নয়, দলীয় প্লাটফর্মে যা বলার বলেছি"। শুভেন্দুর এই প্রস্তাব যে ভুল নয় তা প্রমাণ করেছে দলীয়কর্মীদের মধ্যে

এরপর ৩ পাতায়

## সংখ্যালঘু সেলের কড়া আক্রমণের মুখে পড়লেন শুভেন্দু অধিকারী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বাংলায় মুসলিমদের নিয়ে এবার দলের সংখ্যালঘু সেলের কড়া আক্রমণের মুখে পড়লেন শুভেন্দু অধিকারী। বিজেপির সংখ্যালঘু মোর্চার জাতীয় সভাপতি জমাল সিদ্দীকির কথায়, 'শুভেন্দু অধিকারীর কথা শুনে বোঝা যায়, মাটির সঙ্গে ওঁর কোনও সম্পর্ক নেই।'সিদ্দীকিও মনে করেন, খারাপ ফলের জন্য হতাশা থেকে মুসলিম এবং সংখ্যালঘু মোর্চা নিয়ে আপত্তিজনক কথা বলেছেন বাংলার বিরোধী দলনেতা। সংখ্যালঘু মোর্চার সভাপতির কথায়, 'ওঁর (শুভেন্দু) জানা উচিত বিজেপি শুধু ক্ষমতা দখলের জন্য রাজনীতি করে না। সমাজ, দেশের স্বার্থে রাজনীতি করে। সেই কারণে ১৯৮০ সালে বিজেপি গঠনের অল্প দিনের মধ্যেই সংখ্যালঘু মোর্চা গঠন করা হয়েছিল। উদ্দেশ্য ছিল, সবাইকে নিয়ে চলার বার্তা দেওয়া।'জমাল আরও বলেন, আসলে উনি পার্টিতে নতুন এসেছেন। বিজেপির সংস্কৃতির সঙ্গে এখনও পুরোপুরি অবগত নন।' এই প্রসঙ্গে নাম না করে তৃণমূল কংগ্রেসকেও কটাক্ষ করেছেন ওই নেতা। সিদ্দীকি বলেন, উনি যে পার্টি থেকে এসেছেন, এখনও সেই দলের সংস্কৃতি বহন করছেন।' বাংলায় বিরোধী দলনেতা শুভেন্দু লোকসভা ভোটে রাজ্যে দলের খারাপ ফল নিয়ে সরাসরি মুসলিমদের দিকে আঙুল তোলেন। মুসলিম-সহ সংখ্যালঘুরা বিজেপিকে ভোট দেয়নি অভিযোগ করে দলের ভোট পর্যালোচনা বৈঠকে বিরোধী দলনেতা বলেন, সবকা সাথ-সবকা বিকাশ্স্লোগান ভুলে যেতে হবে। চাইনা সংখ্যালঘু মোর্চা। অর্জুন সিংহের মতো দু-একজন নবাগত বিজেপি নেতা এই প্রশ্নে শুভেন্দুর পাশে দাঁড়ালেও বাকি কেউ তাঁর কথায় গলা মেলাননি। শুভেন্দু নিজেও পরে ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করেন তিনি সংখ্যালঘুদের উপেক্ষা করতে চাননি। কিন্তু দলীয় বৈঠকে বিরোধী দলনেতার বক্তব্য থেকে স্পষ্ট তিনি আসলে কী বলতে চেয়েছেন। দলীয় সূত্রের খবর, শুভেন্দুর বক্তব্য সম্পর্কে রাজ্য বিজেপির নেতাদের সঙ্গে কথা বলে নিশ্চিত হয়েছেন জমাল সিদ্দীকি। তারপর সংখ্যালঘু মোর্চার সভাপতি হিসাবে মুখ খুলেছেন। তাঁর কথায়, সবকা সাথ-সবকা বিকাশ-সবকা বিশ্বাস-সবকা প্রয়াস' নরেন্দ্র মোদীর স্লোগান। বিজেপির আদর্শই এই স্লোগানে তুলে ধরেছেন মোদীজি।' সিদ্দীকি বলেন, 'এই স্লোগান বিজেপির অর্ন্তরাত্মার বাণী।' শুভেন্দুকে বিজেপিতে নতুন বলে উল্লেখ করে সিদ্দীকি বলেন, 'উনি এখনও আগের দলের সংস্কৃতি ধারণ করছেন।'

পশ্চিমবঙ্গে বিজেপির খারাপ ফল নিয়ে দলের মধ্যে কাটাছেঁড়া চলছে। এবার প্রার্থী বাছাই থেকে প্রচার, সব ক্ষেত্রেই সামনের সারিতে ছিলেন শুভেন্দু। ফলে দলের অনেকেই খারাপ ফলের জন্য তাঁকে নিশানা করেছেন। সেই তিনি দলীয় পর্যালোচনা বৈঠকে খারাপ ফলের পুরো দায় মুসলিমদের উপর চাপিয়ে দেওয়ায় অনেকেই বিরক্ত।

১-ম পাতার পর

# গোটা দেশ জুড়ে কারফিউ জারি করল বাংলাদেশ সরকার

শেখ হাসিনা এত বড় চ্যালেঞ্জের মুখোমুখি আর কখনও হননি। তাঁর আলোচনার প্রস্তাব বিক্ষোভকারীরা ইতিমধ্যেই খারিজ করে দিয়েছে। দুহাজার ১৮-র কোটা সংস্কার আন্দোলনের সময় কোটা ব্যবস্থা খারিজ হয়ে গেলেও এ বছর জুনে আদালত মুক্তিযোদ্ধা কোটা পুনর্বহালের নির্দেশ দেয়। তারপর থেকেই ধিকি ধিকি জ্বলতে জ্বলতে বোমার মত ফেটে পড়েছে বাংলাদেশ।

১-ম পাতার পর

# মমতার ক্যাবিনেটে বড়সড় রদবদল হতে চলেছে রাজভবনে সই হওয়ার পর যানা জাবে কারা পাচ্ছে মন্ত্রীত্ব

অনেক টালবাহানার পরে শপথ নিতে পেরেছিলেন সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়রা। আর সদ্য অনুষ্ঠিত চার আসনের বিধানসভা উপনির্বাচনেও বড় জয় পেয়েছে তৃণমূল। ৪টির মধ্যে ৪টি আসনেই ফুটেছে ঘাসফুল। বিধায়ক হয়েছেন বিজেপি থেকে আসা মুকুটমণি, কৃষ্ণ কল্যাণীরা। এছাড়া মানিকতলায় জয়ী সাধন পত্নী সুপতি পাণ্ডে। আর বাগদায় জিতেছেন মধুপর্ণা ঠাকুর।এইবার দেখার নতুন সদ্য জেতা বিধায়করা মন্ত্রীর চেয়ার পায় নাকি পুরনোরা পাবে।

১-ম পাতার পর

# বাংলাদেশে আন্দোলনের ভয়াবহ পরিস্থিতি - এখনো বহু ভারতীয় ছাত্র ছাত্রী বাংলাদেশের বিভিন্ন শহরে আটকে রয়েছেন

পথে দেশে ফিরতে চায় তাদের জন্য এসকর্টের বন্দোবস্ত করা হয়েছে। আন্তর্জাতিক সীমান্তের কোচিং পয়েন্টগুলিতে ভারতীয়দের নিরাপদে নিয়ে যাবারও বন্দোবস্ত করা হচ্ছে। ভারতীয় বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে ভারতীয় নাগরিকরা যাতে সুষ্ঠভাবে দেশে ফিরতে পারেন তার জন্য বিএসএফ, বিমানবন্দর এবং স্থলবন্দরের সঙ্গেও সমন্বয় করা হচ্ছে। করা হচ্ছে। এমনকি বাংলাদেশের অসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষ এবং বাণিজ্যিক এয়ারলাইন্স গুলির সঙ্গেও ভারতীয় বিদেশ মন্ত্রক নিয়মিত যোগাযোগ রাখছে। এদিকে বাংলাদেশ জুড়ে শুক্রবার রাত থেকে কার্ফু জারি করা হয়েছে। বাংলাদেশ প্রশাসনের তরফ থেকে ঢাকা শহরে সব ধরনের জমায়েতে নিষিদ্ধ করা হয়েছে। বাংলাদেশের বিভিন্ন শহর গুলিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখার জন্য সেনা মোতায়নের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার। এই বিষয় ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের জানিয়েছেন, " অসামরিক প্রশাসনকে সহায়তা করতে সেনা মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে"। বাংলাদেশে হাসিনা সরকারের চাকরিতে সংরক্ষণ নীতি নিয়ে প্রতিবাদ জানিয়ে দেশে নেমেছেন। এই বিক্ষোভ আন্দোলনে শনিবার সকাল পর্যন্ত মৃতের সংখ্যা ১০৫ দাঁড়িয়েছে। টেলি যোগাযোগ পরিষেবা থেকে শুরু করে ইন্টারনেট এবং সব ধরনের জনসমাবেশের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকার জন্য শুক্রবার পর্যন্ত ঢাকা সহ বেশ কয়েকটি জায়গায় খুব নিয়ন্ত্রণে পুলিশকে অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। বাংলাদেশে এমন ভয়ংকর পরিস্থিতির জন্য ভারতের উত্তর প্রদেশ, মেঘালয়, হরিয়ানা, জম্মু-কাশ্মীর এবং পশ্চিমবঙ্গের কিছু বাসিন্দা আটকে আছেন। জানা গেছে এই আটকে থাকা পড়ুয়াদের মধ্যে অনেকেই ত্রিপুরার আগরতলার আখাউরা আন্তর্জাতিক স্থলবন্দর এবং মেঘালয়ের ডাউকিতে আন্তর্জাতিক স্থলবন্দর দিয়ে দেশে ফিরছেন। জানা গেছে শুক্রবার কোচবিহারের ভারত বাংলাদেশ সীমান্তের মেখলিগঞ্জ গেট দিয়ে বাংলাদেশের রংপুর মেডিকেল কলেজের ৩৩ জন ছাত্রছাত্রী ভারতে প্রবেশ করেছেন। এদের মধ্যে ৬জন ভারতীয়, নেপালের ৯জন এবং ভুটানের ১৮ জন পড়ুয়া রয়েছেন। দেশে ফেরা পড়ুয়ারা জানিয়েছেন পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত তারা বাংলাদেশে ফিরবেন না।

## চিকিৎসা, শিক্ষা ও গবেষণা জগতের পথিকৃৎ

# ডঃ এমএস ভালিয়াথনের মৃত্যুতে মর্মাহত প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ১৯ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** স্বাস্থ্য পরিষেবা ও চিকিৎসা পরিষেবার অন্যতম পথিকৃৎ ডঃ এমএস ভালিয়াথান-এর জীবনাবসানে শোক ও সমবেদনা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এসম্পর্কে সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি বলেছেন : "ডঃ এমএস ভালিয়াথান-এর জীবনাবসান ঘটলো। এজন্য আমি মর্মাহত। স্বাস্থ্য পরিচর্যা ও পরিষেবা এবং চিকিৎসা গবেষণা জগতে তিনি ছিলেন একজন অন্যতম পথিকৃৎ। এই ক্ষেত্র দুটিতে তাঁর অবদান এককথায় অবিস্মরণীয়। অসংখ্য মানুষ তাতে উপকৃত। বিশেষ করে ব্যয় সাশ্রয়ী এবং উন্নত গুণমানের উদ্ভাবন প্রচেষ্টার জন্য তিনি কোনদিনই বিস্মৃত হবেন না। ভারতের চিকিৎসা শিক্ষা ক্ষেত্রকে আরও উন্নত করে তোলার প্রচেষ্টায় তিনি সর্বদাই ছিলেন সামনের সারিতে। তাঁর পরিবার পরিজন এবং অগণিত গুণগ্রাহীর মতো আমিও সমব্যথী। ওম শান্তি।"

## দুই নেপালি নাগরিককে নিয়ে ভারতে ঢোকার ছক, গ্রেফতার পাকিস্তানি নাগরিক, কিসের প্ল্যান হচ্ছে সীমান্তে?



**শিলিগুড়ি: নিউজ সারাদিন :** বাংলাদেশি অনুপ্রবেশকারীদের নিয়ে তো বিএসএফ-র চিন্তার শেষ নেই। এবার চিন্তা বাড়াচ্ছে পাকিস্তান। উদ্বেগ বাড়ছে উত্তরবঙ্গে। ভারত-নেপাল সীমান্ত দিয়ে ভারতে প্রবেশের সময় এক পাকিস্তানি নাগরিককে গ্রেফতার করল এসএসবি। ইতিমধ্যেই তাঁকে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে বলে খবর। ধৃতকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। এসএসবি সূত্রে খবর, দুই নেপালি নাগরিককে নিয়ে একটি গাড়িতে করে নেপাল সীমান্ত দিয়ে ভারতে

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# আজ ফের মুখোমুখি হতে পারেন অখিলেশ-মমতা

দেখা দেয় এই প্রশ্ন। এই আবহে শোনা যাচ্ছে, আগামীকাল ফের মুখোমুখি হতে পারেন অখিলেশ-মমতা। সেখানে এই নিয়ে আলোচনা এগোয় কিনা সেটাই দেখার।এর মাঝেই সামনে এল বড় খবর। জানা গেল, আগামীকালের সমাবেশে উপস্থিত থাকতে পারেন 'ইন্ডিয়া' জোটের এক হেভিওয়েট নেতা।এবারের লোকসভা ভোটে বিজেপিকে কড়া টক্কর দিয়েছে ইন্ডিয়া জোট। বিরোধী জোটের অন্যতম শক্তিশালী দুই হল তৃণমূল কংগ্রেস এবং সমাজবাদী পার্টি। জানা যাচ্ছে, এবার একুশে জুলাইয়ের মঞ্চেও উপস্থিত থাকতে পারেন সপা সুপ্রিমো অখিলেশ যাদব।তিনি নিজে, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ফোন করে এই অনুষ্ঠানে হাজির হওয়ার ইচ্ছাপ্রকাশ করেছেন বলে খবর। এমনিতে অখিলেশের সঙ্গে বরাবর সম্পর্ক ভালো মমতার। নানান সময়ে তাঁদের একসঙ্গে দেখা গিয়েছে। উত্তর প্রদেশের বিধানসভা ভোটের সময় সপা সুপ্রিমোর হয়ে প্রচার করেছিলেন তৃণমূল নেত্রী। আবার কলকাতায় আসলেই মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে যান অখিলেশ। সূত্রের খর্ব, একুশে জুলাইয়ের মঞ্চেও উপস্থিত থাকতে পারেন তিনি।জানা যাচ্ছে, অখিলেশ নিজেই মমতাকে ফোন করেছিলেন। কথোপকথনের মাঝেই একুশে জুলাইয়ের শহিদ সমাবেশে উপস্থিত থাকার ইচ্ছাপ্রকাশ করেন বলে খবর। 'ভাইয়ের এই প্রস্তাব মেনে নেন মমতা। জানা যাচ্ছে, আগামীকাল কলকাতায় আসতে পারেন সপা নেতা। শহিদ সমাবেশ থেকে জোটের বার্তা দিতে পারেন তিনি।

২ পাতার পর

# শুভেন্দুর নতুন স্লোগান বিজেপিতে সমর্থন বাড়াচ্ছে

এই স্লোগান জনপ্রিয় হবার মাধ্যমে। রাজনৈতিক মহলের একাংশ মনে করছেন রাজ্যে বিজেপির সংখ্যালঘু মোর্চাকে খুঁজতে হয়। বিজেপি সংখ্যালঘুদের জন্য যতটা কাজ করছে তার প্রতিফলন কিন্তু ভোটের সময় দেখা যায়নি। শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন " বাংলাদেশ সীমান্ত এলাকার বহ জায়গায় মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার কাঁটা তারের বেড়া লাগানোর অনুমতি দিচ্ছেন না। তার সুযোগে প্রান্তে। অপরাধমূলক কাজে গ্রেফতারও হচ্ছে। তাদের নাগরিকত্বের প্রমাণ জোগাড়ে সুযোগ করে দিচ্ছে শাসক দলই"। দিল্লিতে অমিত শাহের সঙ্গে বৈঠক করে আসার পরেই শুভেন্দু দলের বৈঠকে এই নতুন স্লোগান যেভাবে দিয়েছেন তা তাৎপর্যপূর্ণ। কংগ্রেস ছেড়ে বিজেপিতে আসা হেমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন "প্রতি ১০ বছরে বছরে আসামে ৩০ শতাংশ হারে মুসলিমদের সংখ্যা বাড়ছে। তাতে ২০৪১ সালে অসমে হিন্দুরাই সংখ্যালঘু হয়ে পড়বেন "। তবে রাজনৈতিক বিশেষজ্ঞরা মনে করছেন হিন্দু ভোট এক কাট্টা করে বিজেপি অনেক রাজ্যেই লাভবান হতে পারে।

## আগামী ১৫ ই আগস্ট ছুটতে চলেছে বন্দে ভারত স্লিপার ট্রেন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** খুব শীঘ্রই চালু হতে চলেছে বন্দে ভারত স্লিপার ট্রেন। মধ্য রেলওয়ের নাগপুর ডিভিশনে যাত্রী সংখ্যা অত্যধিক হবার জন্য নাগপুর এবং পুনের মধ্যে এই ট্রেন ছুটতে পারে। এই রুটে যাত্রীসংখ্যা অধিক হবার জন্যই দেশে প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় রেল। প্রকাশিত এক খবরে রেলের তরফ থেকে দাবি করা হয়েছে আরো কয়েকটি রুটেও এই ট্রেন চালানো হবে। তাছাড়া সিকেন্দ্রাবাদ লাইনের জন্য একটি নন স্লিপার বন্দে ভারত ট্রেন চালানোর প্রস্তাব রাখা হয়েছে। তবে আগামী ১৫ ই আগস্ট এই বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন হতে পারে বলে গুঞ্জন শোনা গেছে। পাশাপাশি নাগপুর এবং পুনের রুটের মধ্যে যাত্রী সংখ্যা যে হারে বাড়ছে সেই ভিড় সামাল দেওয়ার জন্য হিমশিম খেতে হচ্ছে রেল কর্তৃপক্ষকে। এই রুটে বেশিরভাগ সময় দেখা যায় লম্বা ওয়েটিং লিস্ট। তাই অধিকাংশ যাত্রীকেই টিকিট না পেয়ে সমস্যার মধ্যে পড়তে হয়। অনেক সময় আবার বেশি ভাড়া দিয়ে যাত্রীদের বাসে যাতায়াত করতে হয়। নাগপুর পুনে এক্সপ্রেস, গরিব রথ, অজনি পুনে সুপারফাস্ট এক্সপ্রেসের মত কিছু ট্রেন এই রুটে চললেও বেশিরভাগ ট্রেনই চেয়ার কার। এইজন্য ভারতীয় রেল যে যে কয়টি রুটে সুপার ট্রেন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে তাদের মধ্যে এই রুট হল অন্যতম। আগামী ২৩ শে জুলাই সংসদে পেশ হতে চলেছে নতুন সরকারের প্রথম বাজেট অধিবেশন। সেই অধিবেশনেই কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এই সেমি বুলেট ট্রেনের বিষয় ঘোষণা করতে পারেন বলে বিশেষজ্ঞরা মনে করছেন। আর কোন কোন রুটে এই বিশেষ ট্রেন চলবে বাজেট অধিবেশনে তাও ঘোষণা হতে পারে। শোনা যাচ্ছে হাওড়া দিল্লী রুটেও এই নয়া বন্দে ভারত স্লিপার ট্রেন চলতে পারে।

## আড়িয়াদহকাণ্ডের পর

# পুলিশের চোখে ধুলো দিয়ে বিয়েও করেন, অবশেষে গ্রেফতার জয়ন্ত সিংয়ের শাকরেদ রাহুল গুপ্তা

**উত্তর ২৪ পরগনা: নিউজ সারাদিন :** অবশেষে গ্রেফতার আড়িয়াদহকাণ্ডে জয়ন্ত সিংয়ের শাকরেদ রাহুল গুপ্তা। শুক্রবার রাতে আলমবাজার এলাকা থেকে তাঁকে গ্রেফতার করে বেলঘড়িয়া থানার পুলিশ। আড়িয়াদহে মা ও ছেলে পেটানোয় অভিযুক্ত রাহুল গুপ্তা। শুধু মা ও ছেলেকে 'মারধর'ই নয়, আড়িয়াদহ ক্লাবে এক কিশোরকে হকিস্টিক দিয়ে পেটানোরও অভিযোগ রয়েছে রাহুলের বিরুদ্ধে। প্রসঙ্গত, আড়িয়াদহে বাড়ির সামনেই এক কলেজ ছাত্রকে পেটানোর অভিযোগ ওঠে পাড়ার 'দাদাদের' বিরুদ্ধে। ছেলেকে বাঁচাতে গিয়ে আক্রান্ত হন মা। মেয়ে প্রৌঢ়ার দাঁত ফেলে দেওয়ার অভিযোগ ওঠে। ঘটনার সিসিটিভি ফুটেজ প্রকাশ্যে আসে। এই ঘটনার তদন্তে নেমেই পুলিশের হাতে উঠে আসে আড়িয়াদহের গ্যাংস্টার জয়ন্ত সিংয়ের নাম। উঠে আসে তাঁর শাকরেদদের নামও। তাঁদেরও মধ্যে এক জন রাহুল গুপ্তা। পুলিশি তদন্তের মাঝেই প্রকাশ্যে আসতে থাকে একের পর এক ভিডিয়ো। যা নিয়ে শোরগোল পড়ে যায়। তার মধ্যে একটি ভিডিয়োতে দেখা যায়, আড়িয়াদহে তালতলা স্পোর্টিং ক্লাবের মধ্যেই এক কিশোরকে মাটিতে ফেলে জয়ন্তর শাকরেদরা হকিস্টিক দিয়ে মারধর করছেন। সেই ঘটনায় যুক্ত ছিলেন রাহুল গুপ্তা। পুলিশের চোখে তিনি ফেরার ছিলেন। কিন্তু তার মধ্যেই গত শুক্রবার সকালে লুকিয়ে বিয়ে সারেন রাহুল গুপ্তা। সন্ধ্যায় আড়িয়াদহে হয় রিসেপশনও। তারপর পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠতে থাকে। বিয়ের এক সপ্তাহের মধ্যেই রাহুল গ্রেফতার। উল্লেখ্য, ঘটনার পর দীর্ঘদিন 'ফেরার' ছিলেন মূল অভিযুক্ত জয়ন্ত। পরে বেলঘরিয়া থেকেই গ্রেফতার করা হয় তাঁকে। জয়ন্ত-র বাকি ৭ শাকরেদকে আগেই গ্রেফতার করেছে পুলিশ। রাহুলের গ্রেফতারির পর আড়িয়াদহকাণ্ডে ধৃতের সংখ্যা মোট ৮।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ১৯৮ সংখ্যা ২১ জুলাই, ২০২৪ রবিবার ০৫ শ্রাবণ, ১৪৩১

২৮ জুলাইয়ের 'মন কি বাত'

# কর্মসূচির জন্য নাগরিকদের কাছে বিষয়বস্তু নির্বাচনের আহ্বান জানালেন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ২৮ জুলাই ২০২৪-এ প্রধানমন্ত্রীর 'মন কি বাত' কর্মসূচির বিষয়বস্তু সম্পর্কে প্রস্তাব ও পরামর্শ দেওয়ার জন্য দেশের নাগরিকদের আহ্বান জানিয়েছেন শ্রী নরেন্দ্র মোদী।

কয়েকজন তরুণ সামাজিক রূপান্তর প্রচেষ্টায় সমবেত ভাবে কাজ করার বিষয়টিকে বিশেষ ভাবে গুরুত্ব দিয়েছেন। এজন্য স্পষ্টতঃই খুশি ভারতের প্রধানমন্ত্রী। তবে, যাঁরা এসম্পর্কে কোন মত বা পরামর্শ এখনও জানান নি, তাঁদের উদ্দেশে প্রধানমন্ত্রী আর্জি জানিয়েছেন গুএড়া অথবা ঘধগড় অঢ়ঢ় সরকারি এই মঞ্চ দুটির যে কোন একটি ব্যবহার করে প্রস্তাব, মতামত ও পরামর্শ পাঠানোর জন্য। সমাজ মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন :

"এমাসের 'মন কি বাত' কর্মসূচি সম্পর্কে আমি ইতিমধ্যেই নানা ধরনের বিষয়বস্তুর পরামর্শ পেতে শুরু করেছি। আগামী রবিবার ২৮ জুলাই এই কর্মসূচির দিন স্থির হয়েছে। আমি বিশেষ ভাবে খুশি একারণে যে কিছু কিছু তরুণ সামাজিক রূপান্তর প্রচেষ্টায় সকলের একযোগে কাজ করে যাওয়ার ওপর গুরুত্ব আরোপ করেছেন। আপনারা সকলেই MyGov অথবা NaMo App ব্যবহার করে আপনাদের প্রস্তাব ও পরামর্শ পাঠাতে পারেন। বিকল্প ব্যবস্থা হিসেবে 1800-11-7800-এই নম্বরে আপনারা তা রেকর্ড করেও পাঠাতে পারেন।"

## সম্পাদকীয়

### কেন্দ্রের কর্মচারীদের জন্য আবারও সুখবর

ফের ধামাকা। নতুন বছরের শুরু থেকেই একের পর এক সুখবর পেয়েছেন সরকারি কর্মচারীরা । বেড়েছে একাধিক ভাতা, ডিএ। এরই মাঝে কেন্দ্রের কর্মচারীদের জন্য আবারও সুখবর। রিপোর্ট অনুযায়ী আসন্ন বাজেটে অষ্টম পে কমিশন ঘোষণার সম্ভাবনা রয়েছে।মার্চ মাসের বেতনের সঙ্গেই বর্ধিত হারে ডিএ পাচ্ছেন সরকারি কর্মচারীরা। পেয়েছেন জানুয়ারি, ফেব্রুয়ারির বকেয়া মহার্ঘ ভাতাও। ফের শীঘ্রই কেন্দ্রীয় সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা বাড়তে চলেছে এমনটাই সূত্রের খবর। খুব শীঘ্রই সরকারি কর্মীদের শিকে ছিঁড়বে বলে মনে করা হচ্ছে।

নিয়ম মতো বছরে দু'বার নিজের কর্মীদের ডিএ বৃদ্ধি করে কেন্দ্রীয় সরকার। জানুয়ারিতে মহার্ঘ ভাতা ৫০ শতাংশে পৌঁছেছে। জুলাইতে ফের বাড়বে ভাতা। এবার চার শতাংশ নাকি পাঁচ শতাংশ বাড়বে সেই নিয়েই তুঙ্গে উঠেছে জল্পনা। যদি এবার ৪ শতাংশ ডিএ বৃদ্ধি করা হয় তাহলে মহার্ঘ ভাতা পৌঁছবে ৫৪ শতাংশে। আর ৫% বৃদ্ধি পেলে মহার্ঘ ভাতা হবে ৫৫ শতাংশ।আগামী ২৩ জুলাই সংসদে বাজেট পেশ করবেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। এই আবহে কিছুদিন আগেই ন্যাশনাল কাউন্সিল (স্টাফ সাইড, কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য জয়েন্ট কনসালটিভ মেশিনারি) সেক্রেটারি শিব গোপাল মিশ্র ক্যাবিনেট সেক্রেটারিকে অষ্টম বেতন কমিশন গঠন সংক্রান্ত একটি চিঠি দিয়েছেন। তাতে সরকারকে অষ্টম বেতন কমিশনের প্রস্তাব দেওয়া হয়েছে।আবার সম্প্রতি অষ্টম বেতন কমিশন গঠনের আর্জি জানিয়ে ক্যাবিনেট সেক্রেটারিকে চিঠি দিয়েছেন কেন্দ্রীয় সরকারি কর্মচারী সংগঠনের সাধারণ সম্পাদক এসবি যাদবও। পুরনো পেনশন স্কিম চালু করার পাশাপাশি বকেয়া মহার্ঘ ভাতা অন্যান্য ভাতা ও পেনশন মেটানোর দাবি জানানো হয়েছে। কোভিড অতিমারীর সময় জরুরিকালীন ভিত্তিতে এই ভাতাগুলি বন্ধ করেছিল সরকার। সেই সময় ২০২২ সালের জানুয়ারি থেকে ২০২১ সালের জুন, এই সময় পর্যন্ত সরকারি কর্মীদের মোট ১৮ মাস মহার্ঘ ভাতা ও ডিয়ারনেস রিলিফ বন্ধ রেখেছিল কেন্দ্র সরকার।

সরকারি নিয়ম অনুযায়ী, প্রতি ১০ বছর অন্তর বেতন কমিশন গঠন করা হয়। এর আগে ২০১৪ সালের ২৮ ফেব্রুয়ারি সপ্তম বেতন কমিশন গঠন করা হয়েছিল। সেই সময় দেওয়া সুপারিশগুলি ২০১৬ সালের ১ জানুয়ারি থেকে কার্যকর হয়। এবার দশ বছর হতে ২০২৬ সালের জানুয়ারি থেকে অষ্টম কেন্দ্রীয় বেতন কমিশনশুরুর প্রস্তাব দেওয়া হয়েছে। তবে শোনা যাচ্ছে অন্তত দু'বছর আগে এবারের বাজেটেই অষ্টম বেতন কমিশনের ঘোষণা করবেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। এদিকে লোকসভা ভোটের আগেই সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা অর্থাৎ ডিএ (Dearness Allowance) বৃদ্ধি করেছে কেন্দ্র সরকার। ফের একদফায় ৪% হারে ডিএ (DA) বৃদ্ধি করা হয়েছে। আগে ৪৬% হারে ডিএ পেতেন সরকারি কর্মীরা। সম্প্রতি তা বেড়ে হয়েছে ৫০ শতাংশ।

# আজকের দিনেও মানুষ সেবায় শ্রেষ্ঠতা তিনি মাদার টেরিজা



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)

সরদারের প্রাণ কেড়ে নিল। আজ তিনি এই গ্রামে নেই,এই কঠিন পরিস্থিতি হয়তো তাকে দেখা যেত মানুষ সেবায় এমনভাবে নিয়োজিত হয়েছে যা মানুষের কাছে সমালোচনার জায়গায় দাঁড়িয়ে যেতেন।ভালো কাজ করার পরিণাম অনেক অত্যাচার, অবিচার, অপমান সইতে হয়।এই সদ্দার পরিবারে আমার মত হতভাগ্য জন্ম হয়েছিল,আজ ইচ্ছা থাকলে মানুষ সেবা করার মতন অর্থ সামর্থ্য নেই আমার পরিবারের। তবে যতটা পারি মানবিকতা সুখ-দুঃখ ইতিহাস মানুষের জন্য লিখে চলেছি। মাদার টেরিজার সেই স্মৃতি এখনো যেন একটি গল্প আমাকে জাগিয়ে তোলে, একটি সভাতে মাদার টেরিজা বক্তৃতা দিতে গিয়েছিলেন। তবে মাদার টেরিজা কোন ভাবে জানতে পারে যে সেই খানেতে একটি হিন্দু পরিবার ১০ দিনের ও বেশী দিন অনাহারে আছে, অসহায় হয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। মাদার টেরিজা সহ্য না করতে পেরে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী মেয়ে নিয়ে বাড়িতে উপস্থিত হলেন। যখন ওই অনাহার পরিবারটিকে খাদ্য সামগ্রী তুলে দেন,তখনই মাদার টেরিজা কে দাঁড় করিয়ে রেখে বলেন দেন খাবারটা আমাকে, সেখান থেকে অর্ধেকটা খাদ্য সামগ্রী নিয়ে আরেকটি অসহায় মুসলিম পরিবারকে দিয়ে এলেন এই হিন্দু পরিবার।

□ মাদার টেরিজা সেটি দেখে অবাক হয়েছিলেন,যে পরিবারটা নিজে খেতে পারছিল না। তার দশ দিনের খাদ্য সামগ্রী তুলে দিলাম সে আবার অন্যের সেবা করতে ব্যস্ত।মাদার টেরিজা বলেছিলেন জাত দেখে মানুষ সেবা করা যায় না মানুষ সেবা নিজে থেকেই চলে আসে।আজকের দিনে এমনই কঠিন পরিস্থিতির মধ্যে মানুষ জাতপাত নির্বিশেষে মানবসেবায় নিয়োজিত হন, এবং অনেকেই হচ্ছে। এতে সমস্ত জাতির মানুষের মঙ্গল হবে।সবকিছুর উর্ধ্বে মানুষ সেবা হওয়া উচিত বলে মনে করছি,মানুষের সেবা করতে গেলে নানান জল্পনা-কল্পনা সমালোচনা হবে। মাদার টেরিজার মতন ব্যক্তি ভালো কাজের সমালোচনা হয়েছিল, আজকেরে তা থাকবে

□ না তা হয় না ।সেবায় অসামান্য কাজ নিয়েও শুরু হয় আলোচনা-সমালোচনা। যদিও মাদার তেরেসার সমালোচকেরা খুব কম তথ্য প্রমানই হাজির করতে পেরেছিলেন। ব্রিটিশ মেডিকেল জার্নাল এবং দ্য ল্যান্সেট নামের মোটামুটি জনপ্রিয় পত্রিকা মাদার তেরেসার সেবা প্রতিষ্ঠানগুলোর চিকিৎসা সেবার মান নিয়ে প্রশ্ন তোলেন। অনেকে তো আবার ইনজেকশনে একই সূচ একাধিকবার ব্যবহারের কথা বলেছেন। সমালোচনা করা হয় কেন্দ্রগুলোর জীবন যাত্রার মান নিয়েও। কিন্তু এগুলো ছিলো মাদার তেরেসার মানব সেবার মত বিশাল কাজের শরীরে ছোট্ট ধাক্কা মাত্র!

□ মাদার টেরিজা বা তেরেসা শব্দটা শুনলেই চোখের সামনে ভেসে উঠে নীল পাড়ের সাদা রঙ্গের এক বিশেষ পোষাক পরিহিত সংকীর্ন শরীরের এক বৃদ্ধাকে। কোঠরের ভেতরে থাকা ঘোলাটে চোখ তখনও বেশ উজ্জ্বল। মনে হয় যেন বয়স নয় ; বরং কাজ করে ক্লান্ত হয়ে তিনি নুয়ে পরেছেন। নামের সাথে পার্মানেন্টলি 'মাদার' শব্দটি জুড়ে যাওয়া এই মহিলাকে আমরা প্রায় সবাই চিনি। কিন্তু তার সম্পর্কে কতটুকুই বা জানি। আজ আমরা জানবো তার জীবন ও দর্শন সম্পর্কে। ভালো কাজ ও মানবতার দূত হিসেবে যিনি আমৃত্যু কাজ করলেও এ কাজের পেছনের গল্পটা খুব সহজ কিন্তু ছিলোনা। তার জীবনেও ছিলো উপন্যাসের মত নানামুখী বাঁক। কিন্তু এসব ছেড়েও দেশত্যাগী হয়ে তিনি ছুটেছেন শান্তির পেছনে। আর তাকে নিয়েই থাকছে আজকের লেখা।

□ তিনি জন্মগ্রহন করেন ২৬শে আগস্ট ১৯১০ সালে আলবেনিয়ায় জন্মগ্রহন করেন। বংশগত ভাবে তিনি আলবেনীয় হলেও তিনি ছিলেন ভারতীয় ক্যাথেলিক সন্নাসী। সন্নাসীনী তেরেসার একমাত্র পেশা ছিলো মানবসেবা। ছোটবেলা থেকেই তিনি সবার জন্য কিছু করে যাবার স্বপ্ন দেখতেন। দুর্বল ও দরিদ্র লোকেরা যেন

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# পদত্যাগপত্র পাঠিয়ে উপমুখ্যমন্ত্রীর কাছে পদত্যাগী মন্ত্রী সোনম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা ভোটে উত্তর প্রদেশে বিজেপির অর্ধেক আসন হাতছাড়া হওয়া নিয়ে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের প্রশাসনের দিকে ফের আঙুল উঠল।

রাজ্যের একাধিক মন্ত্রী, নেতা মনে করেন, যোগী সরকারের উপর মানুষের রাগের বহিঃপ্রকাশ ঘটেছে ইভিএমে। মৌর্যর ওই কথা জানাজানি হতে তাঁকে দিল্লিতে ডেকে কথা বলেন বিজেপি সভাপতি জেপি নাড্ডা, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। দিল্লি থেকে ফিরে বিন্দুমাত্র দমে না গিয়ে নাম না করে নিজের সরকারকে নিশানা করেছেন মৌর্য। যোগী সরকারের কাজকর্ম নিয়ে এর আগে মুখ খুলেছেন দুই শরিক নেতাও। কথায় কথায় বুলডোজার দিয়ে ঘরবাড়ি ভেঙে দেওয়া নিয়ে শরিকদের পাশাপাশি আপত্তি উঠেছে বিজেপির অন্দরেও। সোনম কিন্নরও সেই প্রতিবাদীদের তালিকায় আছেন।কথার প্যাঁচে যোগীর পদত্যাগও দাবি করেছেন কেউ কেউ। স্বয়ং উপমুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ বৈঠক বয়কট করে 'প্রশাসন নয়, পার্টি সংগঠনই শেষ কথা' বলে সোশ্যাল মিডিয়ায় পোস্ট দিয়ে শোরগোল ফেলে দিয়েছেন। এবার যোগীর এক মন্ত্রী প্রশাসনের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তুলে পদত্যাগ করলেন।

সোনম কিন্নর যোগী মন্ত্রিসভার একজন রাষ্ট্রমন্ত্রী। শুক্রবার মুখ্যমন্ত্রীকে লেখা পদত্যাগ পত্রে গুরুতর অভিযোগ করেছেন তিনি। তাঁর বক্তব্য, 'মন্ত্রী থেকে কী করব, যদি কোনও কাজই না করতে পারি। অফিসারেরা আমার কথা শোনেন না। আমার কথার কোনও গুরুত্ব নেই অফিসারদের কাছে। তাঁরা যা ভাল বোঝেন করেন। এই অবস্থায় দলের কাজ করব বলে ঠিক করেছি। তাই মন্ত্রী থাকতে চাই না।' যোগী অবশ্য পদত্যাগপত্র গ্রহণ করেননি।

তাৎপর্যপূর্ণ বিষয় হল, পদত্যাগের কথা ঘোষণা করেই সোনম দেখা করেছেন উপমুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্যের সঙ্গে। যোগীর সঙ্গে তাঁর এই উপমুখ্যমন্ত্রীর বিরোধী এখন আর গোপন নেই। গত রবিবার দলের ভোট পর্যালোচনা বৈঠকে কেশব প্রসাদ মৌর্যই দাবি করেন, উত্তর প্রদেশে লোকসভার ভোটে মানুষ রাজ্য সরকারের কাজকর্মের বিরুদ্ধে রায় দিয়েছে। তাঁর অভিযোগ, যত নষ্টের মূলে আমলারা। তাঁরাই শেষ কথা হয়ে উঠেছে। দলের নেতাদের কথার কোনও মূল্য নেই।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিভাবে মানুষের বাসস্থান টি ধ্বংস হয়ে, সুন্দরবন জল জঙ্গল আর জমিন হয়ে গেলো তার ইতিহাস স্পষ্ট ধারণা নেই আমাদের অনেকের কাছে। তিনি এই বিস্তীর্ণ অঞ্চলের গাছপালার জরিপ করে বিবরণ দিয়েছেন তার বেঙ্গল প্লান্টস বইতে। তার এ বইটি পড়ে এখনো এই অঞ্চলের গাছপালা সম্পর্কে যথেষ্ট জ্ঞান লাভ করা যায়। প্রেনের মতে, সুন্দরবন নামটি এসেছে সুঁদরী (Heritiera minore, Roxb) গাছের নাম থেকে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

৩ পাতার পর

# দুই নেপালি নাগরিককে নিয়ে ভারতে ঢোকার ছক, গ্রেফতার পাকিস্তানি নাগরিক, কিসের প্ল্যান হচ্ছে সীমান্তে?

ঢুকছিলেন ওই পাকিস্তানি নাগরিক। কিন্তু, এদেশে ঢোকার বৈধ কাগজপত্র ছিল না তাঁর কাছে। পুলিশ চেকিং শুরু করতেই বিপাকে পড়ে যান তিনি। বৈধ কাগজ না থাকার কারণেই শুরুতে তাঁকে আটক করা হয়। তাঁর সঙ্গে থাকা দুই নেপালি নাগরিককেও আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। কোন উদ্দেশ্যে তাঁরা এ দেশে ঢুকেছেন, কোথায় যাচ্ছেন, এখানের পরিচিতদের সম্পর্কে করা হচ্ছে জিজ্ঞাসাবাদ।

# সিনেমার খবর




## ভক্তের মন্তব্যে চটলেন সামান্থা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** তেলুগু এবং তামিল চলচ্চিত্রের মাধ্যমে ভক্ত-অনুরাগীদের মাঝে খ্যাতি অর্জন করেছেন দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেত্রী সামান্থা রুথ প্রভু। সম্প্রতি এ অভিনেত্রী পডকাস্টে স্বাস্থ্যকর খাবার খাওয়ার গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন। এপিসোডটি অনলাইনে প্রকাশিত হওয়ার কয়েক ঘণ্টা পরে, একজন ভক্ত সেখানে কমেন্টে উল্লেখ করেছেন যে সামান্থা এখন স্বাস্থ্যকর খাদ্যাভাস সম্পর্কে কথা বলছেন, এদিকে তিনি অতীতে অস্বাস্থ্যকর খাবার এবং পানীয় ব্র্যান্ডগুলির প্রচার করছেন। আর ভক্তের এমন কমেন্টে মেজাজ হারালেন সামান্থা। পাল্টা জবাবে অভিনেত্রী লিখেছেন, 'আমি অতীতে ভুল করেছি। আগে এসব বিষয়ে ভালো জানতাম না, তবে আমি এখন সমর্থন করা বন্ধ করে দিয়েছি। আমি যা প্রচার করি, তাই নিজের জীবনে অনুশীলনে বিশ্বাসী।' অভিনেত্রী আরও লিখেছেন, 'আমি কতটা শিখেছি তা বিবেচনা করেন। এখন এমন জিনিসগুলো দেখা কঠিন, যা আমি আগে হয়ত জানতাম না। আমার পছন্দের খাবার বা ব্র্যান্ড যাই হোক না কেন, আমার পুরো নীতি এখন একটি স্বাস্থ্যকর জীবনের উপর'। সামান্থা মায়োসাইটিস রোগে আক্রান্ত। এটি একটি বিরল অটো ইমিউন রোগ যার ফলে পেশীতে প্রদাহ বা ঘায়ের সৃষ্টি হয়। তিনি গত বছর তার স্বাস্থ্যের দিকে মনোনিবেশ করার জন্য কাজ থেকে ছয় মাসের বিরতি নিয়েছিলেন। আমেরিকা থেকে ফিরে সম্প্রতি বেঙ্গালুরুতে ফের হাসপাতালে ভর্তি হতে হয় এ অভিনেত্রীকে। চিকিৎসার পরবর্তী পর্যায়ের জন্য দক্ষিণ কোরিয়া পাড়ি দিতে পারেন তিনি। তার মধ্যেই বিজয় দেবেরাকোন্ডার সঙ্গে একটি রোম্যান্টিক তেলুগু ছবি করবেন। তার শুটিং দ্রুত শেষ করবেন বলে জানিয়েছেন।



## অনন্ত-রাধিকার বিয়েতে দীপিকার কানে কী বললেন ঐশ্বরিয়া?





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের ধনকুবের মুকেশ আম্বানির ছেলে অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়েতে বসেছিল তারার হাট। বলিউডের বহু তারকার পাশাপাশি তাতে যোগ দেন অনেক বিদেশি তারকাও।

বিয়ের সব আনুষ্ঠানিকতা এখনও শেষ হয়নি। তবে এই বিয়ের অনুষ্ঠানে তারকাদের আচরণে স্পষ্ট হয়েছে বেশ কিছু বিষয়। সাবেক বিশ্বসুন্দরী ঐশ্বরিয়া রায়ের সঙ্গে বচ্চন পরিবারের সম্পর্ক খারাপ বলে জোর গুঞ্জন উঠেছে আবারও, যা নিয়ে এখনও চলছে বিস্তর আলোচনা। এর মাঝে ঐশ্বরিয়ার সঙ্গে অন্তঃসত্ত্বা দীপিকা পাড়ুকোনের জড়ানো মুহূর্ত ভাইরাল সামাজিক যোগাযোগমাধ্যমে।

গ্যান্ড ওয়েডিং আসর থেকে ছড়িয়ে পড়া সেই ভিডিওতে দেখা যাচ্ছে, অন্তঃসত্ত্বা দীপিকাকে দেখেই জড়িয়ে ধরছেন ঐশ্বরিয়া। জড়িয়ে থেকেই দীপিকার কানে কিছু বলেন এই অভিনেত্রী। কী বলেছেন ঐশ্বরিয়া? প্রশ্ন নেটিজেনদের।

অনেকে আবার নানা মন্তব্যও করছেন। কেউ বলছেন, দীপিকার হবু মাতৃত্ব নিয়েই বুঝি পরামর্শ দিলেন আরাধ্যর মা ঐশ্বরিয়া। আর দুই অভিনেত্রীর আবেগঘন মুহূর্তের সাক্ষী ছিলেন হৃত্বিক রোশন। ঐশ্বরিয়ার পাশেই দাঁড়িয়ে ছিলেন তিনি। শুধু দীপিকাই নয় বর্ষীয়ান অভিনেত্রী রেখার সঙ্গেও আবেগঘন মুহূর্তে ধরা পড়েন ঐশ্বরিয়া।

বিয়ের আয়োজনের শুরু থেকেই আসর মাতিয়ে রাখেন নতুন বাবা হতে যাওয়া রণবীর সিং। মঞ্চে উঠে নেচে-গেয়ে উল্লাস করেন তিনি।

আর দীপিকা লাল টুকটুকে সাজে একাই হাজির হন বিয়ের আসরে। কপালে টিপ, সিঁথিতে সিঁদুর, সাবেকি সাজেই ধরা দেন ক্যামেরায়। তবে এবার আর নাচ করতে দেখা যায়নি দীপিকাকে। অন্যদিকে আম্বানিদের বিয়েতে দুই ভাগে বিয়ের আসরে হাজির হয় বচ্চন পরিবার। মেয়েকে নিয়ে একাই আসেন ঐশ্বরিয়া। এর আগে পুরো বচ্চন পরিবার হাজির হয় আম্বানিদের লালগালিচায়। যদিও বিয়ের আসরে অভিষেক বচ্চনের পাশেই বসেছিলেন ঐশ্বরিয়া ও আরাধ্য।

## প্রকাশ্যে গৌরী-শাহরুখের 'গোপন' আলোচনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চার দিকে এত আয়োজন। বিয়ের মণ্ডপের সামনে বসে রয়েছেন বলিউডের 'বাদশা' শাহরুখ খান। মুকেশ আম্বানীর কনিষ্ঠ পুত্র অনন্ত আম্বানী এবং তার দীর্ঘদিনের প্রেমিকা রাধিকা মার্চেন্ট তখন সাত পাক ঘুরছেন। তাদের জীবনের স্মরণীয় মুহূর্তে ডুবে রয়েছেন অতিথিরাও। কিন্তু বিয়েতে মন নেই শাহরুখের। বরং মণ্ডপ থেকে নজর সরিয়ে খোশমেজাজে গল্প করে চলেছেন তিনি। এমনই একটি ভিডিও সমাজিক মাধ্যমে ঘুরাফেরা করছে। ভিডিওতে দেখা যায়, শাহরুখের পাশে বসে রয়েছেন তার স্ত্রী গৌরী খান। হাত নাড়িয়ে নানা রকম অঙ্গভঙ্গি করে গৌরীর সঙ্গে কথা বলে চলেছেন অভিনেতা। শাহরুখ-পত্নী তখন শ্রোতামাত্র। ভিডিওটি দেখার পর এক নেটাগরিক লিখেছেন, 'শাহরুখ এবং গৌরীকে আমি এক বিয়েবাড়িতে দেখেছিলাম। দু'জনকে দেখে মনে হচ্ছিল, এখনো তাদের মধ্যে কৈশোরের প্রেম বেঁচে রয়েছে। দু'জন সব সময় হাত ধরে রয়েছেন, গল্প করছেন। মাঝেমধ্যে হেসে গড়িয়ে পড়ছেন।'

আরেক নেটাগরিকের মন্তব্য, 'গৌরীকে এক সাক্ষাৎকারে বলতে শুনেছিলাম যে, শাহরুখ নাকি খুব কথা বলেন। এই ভিডিও তারই প্রমাণ।' আবার একজন মজা করে বলেছেন,ও শাহরুখ এবং গৌরী এই সুযোগে তাদের বিয়ের মন্ত্রগুলো আবার ঝালিয়ে নিচ্ছেন।' আর একজন আবার লিখেছেন, 'নিশ্চয়ই কোনো গোপন আলোচনা সেরে নিচ্ছেন দু'জন।'

## অনন্ত-রাধিকার বিয়েতে ভুল করলেন সারা, পাকিস্তানে নিন্দার ঝড়



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের শীর্ষ ধনী মুকেশ আম্বানি ছেলের বিয়ের প্রতিটি অনুষ্ঠানে দেখা গেছে বলিউড অভিনেত্রী সারা আলি খানকে। প্রায় প্রতিটি দিনই নিত্য নতুন পোশাক ও নতুন ধরনের সাজে ধরা দিয়েছেন সারা। তার কিছু লুক প্রশংসিত হয়েছে। কিন্তু শুভ আশীর্বাদ'

-এর অনুষ্ঠানে অবশ্য মস্ত বড় ভুল করে বসলেন অভিনেত্রী।

আম্বানিদের বিয়ে মানেই চোখ ধাঁধানো সব দামি দামি পোশাক। তেমনই সব গয়নার প্রদর্শন। কেউ পরছেন মুঘল আমলে গয়না কেউ আবার করেছেন হিরে দিয়ে বাজিমাত। পোশাকের ক্ষেত্রেও তাই কেউ পরেছেন সব্যসাচী মুখোপাধ্যায়ের শাড়ি, কারো পরনে আবার তরুণ তহেলিয়ানির লেহেঙ্গা। কনে নিজে অবশ্য সেজেছিলেন আবু জানি সন্দীপ খোসলার লেহঙ্গায়। এমন সব খ্যাতনামী পোশাক শিল্পীদের মধ্যে সারা অবশ্য বেছে নেনে পাকিস্তানের পোশাকশিল্পীকে।

অনন্ত-রাধিকার বিয়ের রাত ও আশীর্বাদ দুদিনই পাকিস্তানি শিল্পী ইকবাল হুসেইনের পোশাকে সাজেন সারা। সেই ছবি ভাগ করে নেন ইনস্টাগ্রামে। সেই ছবিতে কেশসজ্জা শিল্পী, চিত্রগ্রাহক, মেকআপ শিল্পী সবাইকে উল্লেখ করলেও পোশাক শিল্পী ইকবালকে নিয়ে একটা শব্দ খরচ করেননি সারা। সেই কারণে পাকিস্তানে সারা আলিকে নিয়ে উঠেছে নিন্দার ঝড়।

কেউ লিখেছেন, 'শিল্পীকে তার শিল্পের সম্মানটা দেয়া উচিত সে তিনি যে দেশেরই হোন না কেন।' আরেকজন লেখেন, 'যার নকশা করা পোশাক পরেছেন সেই শিল্পীর নামই জানেন না।' এক গুচ্ছ অভিযোগ সারার বিরুদ্ধে। যদিও সারা কিংবা পোশাক শিল্পী ইকবাল কেউই এ বিষয়ে কোনো মন্তব্য করেননি এখনো।

## ফের অভিষেক-ঐশ্বরিয়াকে নিয়ে গুঞ্জন






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অনন্ত আম্বানি-রাধিকা মার্চেন্টের বিয়েতে একসঙ্গে পা রাখেননি। এক ফ্রেমেও নেই তারা। যা দেখে তুমুল শোরগোল সামাজিক যোগাযোগমাধ্যমে। বিয়ে ভাঙছে অভিষেক বচ্চন-ঐশ্বরিয়া রাইয়ের। বচ্চন পরিবার ভাঙছে, এমন গুঞ্জনে কান পাতা দায়। অনুরাগীরা যখন 'হায় হায়' করছেন, তখনই ৩৬০ ডিগ্রি ঘুরে গিয়ে অন্য গল্প। বিয়ের অনুষ্ঠানে অন্য ছবি! পাশাপাশি বসে ছোট বচ্চন এবং বচ্চন-বধূ। সেই ভিডিও ভাইরাল হতেই নতুন করে নড়ে বসেছে নেটপাড়া। তাহলে তারকা দম্পতির সম্পর্ক এখন ঠিক কেমন? প্রশ্ন উঠেছে স্বাভাবিকভাবেই।

অনন্ত-রাধিকার বিয়ের রেশ কাটছে না। একইভাবে, সেখানে ঘটে যাওয়া নানা অঘটন নিয়ে চর্চাও থামছে না। বিয়ের অনুষ্ঠানে হাতে হাত রেখে উপস্থিত অমিতাভ বচ্চন-জয়া বচ্চন। তাদের সঙ্গে শ্বেতা নন্দা, নিখিল নন্দা, নব্যা নভেলি নন্দা, অগ্যস্ত নন্দা, অভিষেক বচ্চন। কেবল ঐশ্বরিয়া আর আরাধ্যা বচ্চন নেই তাদের সঙ্গে! বচ্চন পরিবার ফটোগ্রাফারদের সামনে পোজ দিতেই গুনগুন শুরু। সেই গুঞ্জন জোরালো হয়েছে মেয়েকে নিয়ে রাইসুন্দরী আলাদাভাবে বিয়েবাড়িতে পা রাখতেই। একই অনুষ্ঠানে রেখার সঙ্গে তার ঘনিষ্ঠতাও কারও চোখ এড়ায়নি।

বচ্চন পরিবারের ফাটল দেখে অনুরাগীদের মুখ যখন আষাঢ়ের মেঘ, তখনই বিদ্যুতের মতো খুশির ঝিলিক আর একটি ভিডিওতে। ছবি তোলা সেরে রাইসুন্দরী বিয়ের মণ্ডপে পিছনের সারিতে, ছোট বি'র পাশে! মেয়েকে নিয়ে। যেন 'ছোট পরিবার সুখী পরিবার'। পরে তাদের সঙ্গে যোগ দেন হৃত্বিক রোশন। তিন মাথা এক হতেই জমাটি আড্ডা। এসব দেখে কী বলছেন নেটাগরিকেরা? তাদের মতে, এই জন্য অভিষেক আলাদা বাড়ি কিনেছেন। অবশেষে তিনি হয়তো মা-বাবার ছায়া থেকে বের হতে চলেছেন। তারই সূচনা আম্বানি পরিবারের বিয়েতে। শ্বশুরবাড়ি থেকে দূরে ঐশ্বরিয়া। স্বামীর থেকে নয়। তাই, তারা একসঙ্গে বসে বিয়ের অনুষ্ঠান দেখেছেন। এখানেও কিন্তু গন্ডগোল আছে। একসঙ্গে বসে বিয়ের অনুষ্ঠান দেখলেও মঙ্গল উৎসবে তারা কিন্তু ফের ফ্রেমের বাইরে! দেখেশুনে মায়ানগরীর দাবি, অঙ্ক সত্যিই বড় কঠিন।

## পেলের আন্তর্জাতিক যে রেকর্ড
# ভাঙ্গলেন ইয়ামাল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ফিফা বিশ্বকাপ কিংবা ইউরোপীয়ান চ্যাম্পিয়নশীপের ফাইনালে সবচেয়ে কম বয়সী খেলোয়াড় হিসেবে খেলার নতুন রেকর্ড গড়েছেন স্প্যানিশ তরুণ ফরোয়ার্ড লামিন ইয়ামাল। এর মাধ্যমে ১৯৫৮ সালে ব্রাজিলিয়ান কিংবদন্তী পেলের রেকর্ড ভাঙ্গলেন ইয়ামাল। ১৭ বছর ২৪৯ দিন বয়সে ১৯৫৮ বিশ্বকাপের ফাইনালে খেলেছিলেন পেলে। সুইডেনের বিরুদ্ধে ৫-২ গোলের জয়ের ম্যাচটিতে দুই গোলও করেছিলেন তিনি। এদিকে, শনিবার ইয়ামাল ১৭ বছরে পা দিয়েছেন। আর রবিবার দিবাগত রাতে ইউরোর ফাইনালে বার্সেলোনার এই উইঙ্গারের অ্যাসিস্টে স্পেন প্রথম গোল করে ইংল্যান্ডের বিরুদ্ধে এগিয়ে যায়। শেষ পর্যন্ত ইংল্যান্ডকে ২-১ গোলে হারিয়ে ইউরোর ফাইনাল জিতে স্প্যানিশরা। শিরোপা জয়ের সঙ্গে টুর্নামেন্টের সেরা তরুণ খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ইয়ামাল। পুরস্কার হাতে নিয়ে ইয়ামাল বলেছেন, 'এটা একেবারেই স্বপ্নের মত। স্পেনে ফিরে গিয়ে আনন্দ উদযাপনের জন্য আর অপেক্ষা করতে পারছি না। এটা আমার জন্মদিনের সেরা উপহার। এখন পরিবারের সাথে এই শিরোপার আনন্দ উপভোগ করতে চাই। সমতায় ফেরার পর ইংল্যান্ড বেশ আগ্রাসী হয়ে উঠেছিল। কিন্তু আমি জানি না এই স্পেন দলটি কি দিয়ে তৈরি করা হয়েছে। পুরো টুর্নামেন্টেই আমরা যোগ্যতার প্রমাণ দিয়েছি।'

এক গোল ও চার অ্যাসিস্ট দিয়ে টুর্নামেন্ট শেষ করেছেন ইয়ামাল। ১৯৮০ সালের পর এক আসরে এত অ্যাসিস্ট আগে কেউ করতে পারেনি। এক আসরে কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল ও ফাইনালে গোল কিংবা অ্যাসিস্টের রেকর্ডও গড়েছেন ইয়ামাল। এ নিয়ে এ সপ্তাহে দ্বিতীয়বারের মতো ইয়ামাল পেলেকে ছাড়িয়ে গেলেন। বড় কোনো আসরের সেমিফাইনালে সবচেয়ে কম বয়সী খেলোয়াড় হিসেবে ফ্রান্সের বিরুদ্ধে খেলতে নেমে রেকর্ড গড়েন ইয়ামাল। পেলে ফাউন্ডেশন ইয়ামালকে এজন্য অভিনন্দও জানিয়েছে। ক্রোয়েশিয়ার বিরুদ্ধে প্রথম ম্যাচে খেলতে নেমে সর্বকনিষ্ট খেলোয়াড় হিসেবে ইউরোতে খেলার ও সেমিফাইনালে ফ্রান্সের বিরুদ্ধে গোল করে সবচেয়ে কম বয়সী খেলোয়াড় হিসেবে গোলের রেকর্ডও গড়েন স্প্যানিশ এই উইঙ্গার।

# চ্যাম্পিয়নস ট্রফির পরিকল্পনায় নেই ওয়ার্নার!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে অস্ট্রেলিয়ার বিদায় নিশ্চিত হওয়ার পরেই অবসরের ঘোষণা দিয়েছিলেন ডেভিড ওয়ার্নার। কিন্তু ডাক পেলে পরের বছর চ্যাম্পিয়নস ট্রফিতে খেলবেন বলে জানিয়েছিলেন ৩৭ বছর বয়সী এই অজি ব্যাটার। তবে তার ফেরার সুযোগ আর নেই। ইংল্যান্ড ও স্কটল্যান্ড সফরের অস্ট্রেলিয়া দল ঘোষণা দেওয়ার সময় প্রধান নির্বাচক জর্জ বেইলি জানিয়ে দিয়েছেন, চ্যাম্পিয়নস ট্রফির জন্য ওয়ার্নারকে বিবেচনা করা হবে না। যদিও ওয়ার্নারের সমৃদ্ধ ক্যারিয়ারের প্রশংসা করেছেন বেইলি, 'ওয়ার্নার অবসর নিয়েছে। তিন সংস্করণে তার অবিশ্বাস্য ক্যারিয়ার প্রশংসা পাওয়ার যোগ্য। তবে সে এই মুহূর্তে চ্যাম্পিয়নস ট্রফির পরিকল্পনায় নেই।' বেইলির কথার প্রতিফলন পাওয়া গেল অস্ট্রেলিয়ার দল ঘোষণায়ও। ওয়ার্নারের জায়গায় জেক ফ্রেজার ও ম্যাগাকর্ককে দলে সুযোগ দেওয়া হয়েছে। দলে বড় চমক কুপার কনোলি। প্রথমবার টি-টোয়েন্টি দলে ডাক পেয়েছেন অজিদের অনূর্ধ্ব-১৯ দলের অধিনায়ক। সিনিয়র দলে সুযোগ পাওয়ার আগে মাত্র ১৫টি সংক্ষিপ্ত সংস্করণের ম্যাচ খেলেছেন ২০ বছর বয়সী এই অলরাউন্ডার।

এদিকে গত টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলা ম্যাথু ওয়েড ও অ্যাশটন আগারকে বাদ দেওয়া হয়েছে অস্ট্রেলিয়া দল থেকে। ওয়েডের জায়গায় উইকেটকিপার হিসেবে ওয়ানডে দলে ঢুকেছেন অ্যালেক্স ক্যারি। ২০১৯ ওয়ানডে বিশ্বকাপের পর থেকে দলের বাইরে ছিলেন তিনি। এছাড়া টি-টোয়েন্টিতে বিশ্রামে রাখা হয়েছে মিচেল স্টার্ক ও গ্লেন ম্যাক্সওয়েলকে। তবে অধিনায়কের দায়িত্বে থাকছেন মিচেল মার্শ।

অস্ট্রেলিয়া দল স্কটল্যান্ড সফরে ৩টি টি-টোয়েন্টি খেলে ইংল্যান্ড সফরে যাবে। সেখানে ইংলিশদের বিপক্ষে ৩টি টোয়েন্টির পাশাপাশি ৫টি ওয়ানডে ম্যাচ খেলবে অজিরা। তাদের সফর শুরু হবে ৪ সেপ্টেম্বর। শেষ হবে ২৯ সেপ্টেম্বর।

অস্ট্রেলিয়ার টি-টোয়েন্টি স্কোয়াড (স্কটল্যান্ড ও ইংল্যান্ডের বিপক্ষে)

মিচেল মার্শ (অধিনায়ক), জাভিয়ের বার্লেট, কুপার কনোলি, টিম ডেভিড, নাথান এলিস, জেক ফ্রেজার-ম্যাগার্ক, ক্যামেরন গ্রিন, অ্যারন হার্ডি, স্পেনসার জনসন, মার্কাস স্টয়নিস, অ্যাডাম জাম্পা, জশ হ্যাজলউড, ট্রাভিস হেড, জশ ইংলিস (উইকেটকিপার)।

অস্ট্রেলিয়ার ওয়ানডে স্কোয়াড (ইংল্যান্ডের বিপক্ষে)

মিচেল মার্শ (অধিনায়ক), শন অ্যাবট, অ্যালেক্স ক্যারি (উইকেটকিপার), ক্যামেরন গ্রিন, নাথান এলিস, জেক ফ্রেজার-ম্যাগার্ক, অ্যারন হার্ডি, জশ হ্যাজলউড, জশ ইংলিস (উইকেটকিপার), ট্রাভিস হেড, মারনাস লাবুশেন, গ্লেন ম্যাক্সওয়েল, ম্যাথু শর্ট, স্টিভেন স্মিথ, মিচেল স্টার্ক, অ্যাডাম জাম্পা।

# জার্মানির জার্সিটা তুলেই রাখলেন মুলার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** এবার আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নেয়ার ঘোষণা দিয়েছেন জার্মানির ফরোয়ার্ড থমাস মুলার। তিনি ভিডিও বার্তায় এ ঘোষণা দেন। মুলার বলেছেন, 'জাতীয় দলের হয়ে ১৩১ ম্যাচে ৪৫ গোল করার পর আমি বিদায় জানাচ্ছি।'

২০১০ সালে আর্জেন্টিনার বিপক্ষে মূল দলে অভিষেক হয় মুলারের। ২০১০ বিশ্বকাপে জার্মানির সেমিফাইনালে ওঠার পথে ৫ গোল করেন তিনি। অস্ট্রেলিয়ার বিপক্ষে করেছিলেন জাতীয় দলের হয়ে প্রথম গোল, জিতেছিলেন গোল্ডেন বুটও।

এবার ইউরোয় স্পেনের বিপক্ষে কোয়ার্টার ফাইনালে ২-১ গোলে হারের ম্যাচটাই জার্মানির জার্সিতে হয়ে রইল মুলারের শেষ ম্যাচ। জার্মানির হয়ে ৮টি বড় টুর্নামেন্ট খেলে শুধু বিশ্বকাপই জিততে পেরেছেন।

জার্মানির ২০১৪ বিশ্বকাপজয়ী দলের সদস্যদের মধ্যে শুধু গোলকিপার ম্যানুয়েল নয়্যারই টিকে রইলেন। ১০ বছর আগে ব্রাজিলে অনুষ্ঠিত সেই বিশ্বকাপেও ৫ গোল করেছিলেন মুলার। গ্রুপ পর্বে পর্তুগালের বিপক্ষে করেছিলেন হ্যাটট্রিক।

সেমিফাইনালে ব্রাজিলের বিপক্ষে ঐতিহাসিক ৭-১ গোলের সেই জয়েও গোল করেছিলেন। ফাইনালে আর্জেন্টিনার বিপক্ষে মাঠে ছিলেন পুরো ১২০ মিনিট। ২০১৮ ও ২০২২ বিশ্বকাপে ৩টি করে ম্যাচ খেলে গোল করতে পারেননি।

জাতীয় দল ছাড়লেও বায়ার্নের হয়ে খেলা চালিয়ে যাবেন তিনি। বায়ার্নের সঙ্গে তাঁর চুক্তির মেয়াদ ২০২৫ সাল পর্যন্ত।

# কোপা আমেরিকা
## গোল্ডেন বুট লাওতারোর, গ্লাভস এমির-বল রদ্রিগেজের




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকার ফাইনালে আর্জেন্টিনার ত্রাতা হয়েছিলেন লাওতারো মার্তিনেজ। তার একমাত্র গোলে কলম্বিয়াকে হারিয়ে রেকর্ড ১৬তম শিরোপা জেতে আর্জেন্টিনা। স্বাভাবিকভাবেই টুর্নামেন্টের সেরার দৌড়ে আর্জেন্টাইনরাই এগিয়ে।

এবারের আসরে মোট পাঁচ গোল করে সর্বাধিক গোলদাতা হয়েছেন লাওতারো। ইকুয়েডরের বিপক্ষে টাইব্রেকারে দুটি শট ঠেকিয়ে দেওয়া এমিলিয়ানো মার্তিনেজ হয়েছেন এবারের আসরের সেরা গোলরক্ষক। অন্যদিকে আসর জুড়ে দারুণ ফুটবল উপহার দিয়ে সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন কলম্বিয়ার মিডফিল্ডার হামেস রদ্রিগেজ।

সদ্য সমাপ্ত কোপায় সেরা গোলরক্ষকের পুরস্কার গোল্ডেন গ্লাভস জিতেছেন এমিলিয়ানো মার্তিনেজ। আর্জেন্টাইন এই তারকা আসরে ইকুয়েডরের বিপক্ষে ম্যাচে জিতিয়েছেন টাইব্রেকার। ফাইনালে চাপের মুখে দিয়েছেন একের পর এক সেভ। পুরো আসর মিলিয়ে কোয়ার্টার ফাইনালে কেবল এক ম্যাচেই গোল হজম করেছেন তিনি। গত কোপা আমেরিকা এবং বিশ্বকাপেও তিনিই ছিলেন সেরা গোলরক্ষক।

আসরের সেরা খেলোয়াড়ের পুরস্কার হাতে নিয়েছেন কলম্বিয়ার হামেস রদ্রিগেজ। আসরে ৬ অ্যাসিস্ট করেছেন। ভেঙেছেন লিওনেল মেসির এক আসরে ৫ অ্যাসিস্ট করার রেকর্ড। করেছেন ১ গোলও। ৩৩ বছর বয়সী এই তারকার দল হারলেও ব্যক্তিগত পুরস্কার ঠিকই নিজের করে নিয়েছেন।

# ডি মারিয়ার পবিত্র কান্নায় ভিজছে বিশ্ব



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মানুষের চোখের পানির থেকে পবিত্র আর কী আছে এই বিশ্ব সংসারে? পবিত্রতার সবচেয়ে বড় দৃষ্টান্ত বোধকরি অশ্রু। বিশ্ব ফুটবলের বড় আসরের ফাইনালে গোল করার পর আর্জেন্টাইন উইঙ্গার অ্যানহেল ডি মারিয়ার কান্নার সঙ্গে পরিচিত ফুটবলপ্রেমীরা। এবারের কান্না যে ফুটবল থেকে চিরবিচ্ছেদের! কিন্তু তাই কি হয় কখনও? তিনি যে ডি মারিয়া! যতদিন ফুটবল থাকবে ততদিন আবেগভরে উচ্চারিত হবে ডি মারিয়ার নাম। তার বিদায়ের ক্ষণে ভিজছে গোটা দুনিয়া।

ফাইনালের ম্যাজিক ম্যান খ্যাত ডি মারিয়া আগেই জানিয়ে দিয়েছেন, এবারের কোপা ফাইনালই তার শেষ ম্যাচ। এর পর থেকেই এবারের কোপার সমার্থক হয়ে ওঠেন ডি মারিয়া। লিওনেল মেসি তথা আর্জেন্টিনা ফুটবলকে পূর্ণতা এনে দেওয়ার ক্ষেত্রে সবচেয়ে বড় নামটাই যে ডি মারিয়া। দীর্ঘদিনের সতীর্থ ও প্রিয় বন্ধুর বিদায়ে আবেগপ্রবণ হয়ে পড়েন মেসি। আসরের মাঝপথেই জানিয়ে দেন– ডি মারিয়ার জন্য হলেও আমাদের কোপা শিরোপা জিততে হবে।

ফাইনালের এই ম্যাজিক ম্যানের বিদায়কে স্পর্শ করেছে গোটা ফুটবল দুনিয়াকে। বাংলাদেশ ক্রিকেট ইতিহাসের সবচেয়ে সফল অধিনায়ক মাশরাফি মর্তুজা এক আবেগঘন বার্তায় লিখেছেন, 'আনহেল ডি মারিয়া আপনাকে কুর্নিশ, একজন অন্ধ আর্জেন্টাইন ফুটবলের সমর্থক হিসাবে। আপনি অবশ্যই গুরু দিয়েগো ম্যারাডোনার যোগ্য উত্তরসূরি। আপনাকে ভোলা প্রায় অসম্ভব।' মাশরাফি তার বার্তায় আরও লেখেন, ২০১৪ বিশ্বকাপে ডি মারিয়ার ইনজুরির দিকে তাকালেই বোঝা যায়। এমনকি মেসিও ফাইনালে কিছুই করতে পারেননি।' ডি মারিয়া মাঠে না থাকার পার্থক্যটি খুবই সূক্ষ্মভাবে বুঝিয়ে দিয়েছেন মাশরাফি।

একটি ট্রফির জন্য আর্জেন্টাইন সমর্থকদের হাহাকার আর দীর্ঘশ্বাসে ভারী হয়ে উঠেছিল আকাশ-বাতাস। ডি মারিয়ার গোলেই ২৮ বছরের শিরোপা খরা কাটিয়েছে আর্জেন্টিনা। বিশ্বকাপে তিন যুগের আক্ষেপ ঘুচানোর সঙ্গেও মিশে আছে ডি মারিয়ার গোল। ২০২১ সালে ফুটবলের তীর্থস্থান মারাকানায় স্বাগতিক ব্রাজিলকে ১-০ গোলে হারিয়ে শিরোপা জেতে আর্জেন্টিনা। ২২ মিনিটে ম্যাচ জেতানো গোলটি করেন ডি মারিয়া। এরপর কাঁদেন আবেগে। ২০২২ সালের লা ফিনালিসিমায় (ইউরোপ-সেরা আর দক্ষিণ আমেরিকার সেরা দলের দ্বৈরথ) ইতালির বিপক্ষে ৩-০ গোলে ম্যাচ জেতে আর্জেন্টিনা। একটি গোল করেন ডি মারিয়া। চোখের জল ফেলেন এই উইঙ্গার। ফ্রান্সের বিপক্ষে ২০২২ বিশ্বকাপের ফাইনালে দলের স্কোরকে ২-০ করেন ডি মারিয়া। এবারেও তার কান্নাভেজা চোখ ছুঁয়ে যায় ফুটবলপ্রেমীদের।

বিদায়ের আগে ইনস্টাগ্রামে প্রিয় সতীর্থ ও বন্ধু মেসির সঙ্গে একটি ছবি দিয়ে ডি মারিয়া লিখেছেন, 'আমি যা চাইতে পারতাম, জীবন আমাকে তার চেয়ে অনেক বেশি দিয়েছে৷ আর্জেন্টিনার জার্সিতে ১৬ বছরের ক্যারিয়ারে সব অর্জনের সঙ্গেই স্থায়ী হয়ে আছেন ডি মারিয়া। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায়, আজি মোর মাঝে কোনো দৈন্য কোনো শূন্য নাই সুলক্ষণে।' আর্জেন্টিনার সর্বশেষ অর্জনগুলোর ঘনিষ্ঠ অনুষঙ্গ যে ডি মারিয়ার অশ্রু। এই ছবি মেসিও দিয়েছেন তার সামাজিক যোগাযোগ মাধ্যমে।

দেশের জন্য, সর্বোপরি ফুটবলের জন্য ডি মারিয়ার অবদান কৃতজ্ঞচিত্তে স্মরণ করেছেন মেসি তথা আর্জেন্টাইন শিবির। অধিনায়ক মেসি তার হাতে তুলে দিয়েছেন ১১ নম্বর জার্সি। যার পিছনে স্প্যানিশ ভাষায় লেখাটির বাংলা করলে দাঁড়ায়, 'তোমাকে ধন্যবাদ ফিদেও।' (ডি মারিয়ার ডাকনাম)

এবারের কোপা ফাইনালের আগ পর্যন্ত আর্জেন্টিনার জার্সি গায়ে ১৪৪টি ম্যাচ খেলেছেন ডি মারিয়া। গোল করেছেন ৩১টি। তবে তাকে গোলের সংখ্যা দিয়ে বিচার করাটা হবে চরম বোকামি। দলের চরম প্রয়োজনের সঙ্গে তিনি কীভাবে একাত্ম হয়ে উঠতেন তারই দৃষ্টান্ত যেন ডি মারিয়া।

কথায় বলে, অসময়ের দশ ফোঁড় আর সময়ের এক ফোঁড়। আর্জেন্টাইন ফুটবলে সেই সময়ের ফোঁড় তুলেছেন ডি মারিয়া। হয়ে উঠেছেন কালজয়ী। মাশরাফির কথাতেই বলতে হয়, ডি মারিয়া আপনাকে ভোলা প্রায় অসম্ভব।

## ইউরোর টুর্নামেন্ট সেরা রদ্রি,
# সেরা তরুণ ইয়ামাল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইউরো চ্যাম্পিয়নশিপে রেকর্ড চতুর্থবারের মতো শিরোপা জিতেছে স্পেন। গতকাল রবিবার (১৪ জুলাই) বার্লিনে ইউরোপ সেরার লড়াইয়ে ইংল্যান্ডকে ২-১ গোলে হারিয়ে প্রথম দল হিসেবে এ কীর্তি গড়ে স্প্যানিশরা। টুর্নামেন্টের শিরোপা জয়ের সঙ্গে ব্যক্তিগত সাফল্যেও একাধিক পুরস্কার উঠেছে স্প্যানিশ ফুটবলারদের হাতে।

এবারের ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের টুর্নামেন্ট সেরার স্বীকৃতি পেয়েছেন স্পেনের মিডফিল্ডার রদ্রি। চ্যাম্পিয়ন হওয়ার পথে আসরে সাত ম্যাচের সবকটিই জিতেছে স্প্যানিশরা। আর সব ম্যাচেই শুরুর একাদশে ছিলেন এ মিডফিল্ডার। পুরো আসরে তিনি খেলেছেন মোট ৫২১ মিনিট। গোল করেছেন ১টি–শেষ ষোলোয় জর্জিয়ার বিপক্ষে দলের ৪-১ ব্যবধানে জয়ের ম্যাচে। ম্যানচেস্টার সিটির এ তারকা আসরে পাস দেওয়ার চেষ্টা করেছেন মোট ৪৩৯টি। এর মধ্যে পাস সম্পন্ন করেছেন ৪১১টি। সফল পাসের হার ৯২.৮৪ শতাংশ।

এ ছাড়া আসরের সেরা উদীয়মান খেলোয়াড়ের পুরস্কার জিতেছেন স্বদেশি তরুণ লামিনে ইয়ামাল। মোট ৫০৭ মিনিট খেলে ১টি গোলের পাশাপাশি সর্বোচ্চ ৪টি অ্যাসিস্ট করেছেন বার্সেলোনার এ উইঙ্গার। টুর্নামেন্টে তার ড্রিবলিং সর্বোচ্চ ৩২টি। প্রথম ম্যাচে ক্রোয়েশিয়ার বিপক্ষে মাঠে নেমেই ইউরোর ইতিহাসের সর্বকনিষ্ঠ খেলোয়াড় হয়ে যান ইয়ামাল। সেমিফাইনালে ফ্রান্সের জালে বল পাঠিয়ে প্রতিযোগিতাটির সবচেয়ে কম বয়সি গোলদাতা হওয়ার কীর্তিও গড়েন তিনি। ফাইনালে আগের দিন ১৭ বছর পূর্ণ হয় তার বয়স। শিরোপা লড়াইয়ে তার অ্যাসিস্ট থেকেই দলের প্রথম গোলটি করেন আরেক তরুণ নিকো উইলিয়ামস। যার ফলে প্রথমবার ইউরোতে মাঠে নেমেই শিরোপার পাশাপাশি উদীয়মান তারকার পুরস্কার পেলেন বার্সেলোনার এ মিডফিল্ডার।

এক নজরে ইউরো ২০২৪ এর পুরস্কার:

চ্যাম্পিয়ন: স্পেন,

রানার্স-আপ: ইংল্যান্ড,

প্লেয়ার অব দ্য ফাইনাল: নিকো উইলিয়ামস (স্পেন)

টুর্নামেন্ট সেরা খেলোয়াড়: রদ্রি ১ গোল),

সেরা তরুণ : লামিনে ইয়ামাল (১ গোল, ৪ অ্যাসিস্ট)

গোল্ডেন বুট (সর্বোচ্চ গোলদাতা): ৩ গোল, দানিন ওলমো (স্পেন), হ্যারি কেইন (ইংল্যান্ড), গাকপো (নেদারল্যান্ডস), জামাল মুসিয়ালা (জার্মানি), ইভান স্ক্রানাজ (স্লোভিকিয়া), জর্জিস মিকাউটাজে (জর্জিয়া),

সেরা গোলকিপার: মাইক মাইগনান (ফ্রান্স)।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR